

কালের কণ্ঠ

আপডেট : ২৪ অক্টোবর, ২০১৮ ২৩:৩৭

চবির ভর্তি পরীক্ষা

প্রশ্ন ফাঁস ও জালিয়াতি ঠেকাতে সতর্কীকরণ

 প্রশ্ন ফাঁস ও জালিয়াতি ঠেকাতে সতর্কবস্থা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ২০১৮-১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁস ও জালিয়াতি ঠেকাতে সতর্ক অবস্থানে রয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও পুলিশ প্রশাসন। ভর্তি পরীক্ষায় প্রস্তুি ঠেকাতে এন্টি প্রস্তুি নামের একটি মোবাইল ফোন অ্যাপস ব্যবহার করা হবে। গতকাল বুধবার দুপুরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ের সময় এসব কথা জানান উপাচার্য অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। আগামী ২৭ থেকে ৩১ অক্টোবর এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মতবিনিময় সভায় উপাচার্য বলেন, ‘ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁস ও জালিয়াতি ঠেকাতে এ বছর ক্যাম্পাসের ভেতরে সব ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ জন্য আমরা দুটি শিফটে পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করেছি। এ ছাড়া পরীক্ষার্থীদের সকালের শিফটে ৯টা ৪৫ মিনিটে এবং বিকেলের শিফটে ২টা ১৫ মিনিটের মধ্যে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। এ সময়ের পর কোনো শিক্ষার্থীকে ঢুকতে দেওয়া হবে না। পরীক্ষার্থীরা এফএক্স ১০০-এর নিচে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। এ ছাড়া অন্য কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে রাখতে পারবে না।’

সভায় বিশ্ববিদ্যালয়ের আইটি সেলের পরিচালক অধ্যাপক ড. হানিফ সিদ্দিকী বলেন, ‘ভর্তি পরীক্ষায় প্রস্তুি ঠেকাতে এ বছর এন্টি প্রস্তুি নামের একটি মোবাইল ফোন অ্যাপস ব্যবহার করা হবে। কোনো শিক্ষার্থী যদি প্রবেশপত্রের ছবি পরিবর্তন করে অন্য কারো পরীক্ষায় অংশ নেয় কিংবা পরীক্ষা পরিদর্শক যদি সন্দেহ করেন তাহলে অ্যাপসটির মাধ্যমে যে ছবি পরিবর্তন করা হয়েছে তা বের করা যাবে। ফলে কোনো শিক্ষার্থী এবার প্রস্তুি দেওয়ার চিন্তাও করতে পারবে না।

সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. শিরীন আখতার, কলা ও মানববিদ্যা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. সেকান্দর চৌধুরী, ব্যবসা অনুষদের ডিন অধ্যাপক ড. এ এফ এম আওরঙ্গজেব, সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহামেদ, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মাহাবুবুর রহমান, আইন অনুষদের ডিন অধ্যাপক এ বি এম আবু নোমান, প্রক্টর মোহাম্মদ আলী আজগর চৌধুরী প্রমুখ। উল্লেখ্য, আগামী শনিবার ‘বি’ ইউনিটের পরীক্ষা দুটি শিফটে অনুষ্ঠিত হবে। ‘বি’ ইউনিটের এক হাজার ৫৫৪টি আসনের বিপরীতে ৩১ হাজার ৭৯০ জন পরীক্ষার্থী অংশ নেবে। যা প্রতি আসনে লড়বে ২০ পরীক্ষার্থী।

এ ছাড়া ২৮, ২৯ ও ৩০ অক্টোবর সকাল ১০টায় যথাক্রমে ডি, সি এবং এ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ‘বি-১’ উপ-ইউনিটের ভর্তি পরীক্ষা ৩১ অক্টোবর সকাল ১০টায় এবং দুপুর আড়াইটায় ‘ডি-১’ উপ-ইউনিটের ভর্তি পরীক্ষা হবে। ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (<http://admission.cu.ac.bd>) থেকে জানা যাবে।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com